# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং-২৫১ -পাউবো/সচি/উন্নয়ন মেলা-০৪/বোর্ড-২ তারিখ ঃ ১১-০৯-২০১৮ খ্রিঃ

বিষয় ঃ "জাতীয় উন্নয়ন মেলা" এর আয়োজন ও ব্যবস্থাপনা সম্পর্কিত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

মহাপরিচালক,বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকার সম্মেলনকক্ষে গত ১০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে ৪র্থ " জাতীয় উন্নয়ন মেলা" আয়োজন ও ব্যবস্থাপনা সম্পর্কীত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১ (এক) প্রস্থ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনামতে ।

১১/০৯/২০১৮
(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো, ঢাকা।
khalequebd@gmail.com

স্মারক নং- ২৫১-পাউবো/সচি/উন্নয়ন মেলা-০৪/বোর্ড-২ তারিখঃ ১১-০৯-২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আদিষ্টমতে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১. মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/ইস্টার্ন রিজিয়ন/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌঃ/ প্রকল্প পরিচালক................................, বাপাউবো....................................।
(আপনার অধীনস্ত দপ্তরসমূহে বিষয়টি জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৪. চীফ মনিটরিং/ চীফ প্ল্যানিং/প্রধান/নিয়ন্ত্রক......................................... ...................... বাপাউবো,ঢাকা।
৫. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল)..................... বাপাউবো, .......................................।
(আপনার অধীনস্ত দপ্তরসমূহে বিষয়টি জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৬. চীফ ষ্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. নির্বাহী প্রকৌশলী/ উপ-সচিব,........................................................,বাপাউবো,................................. ।
৮. সিস্টেম এনালিস্ট, আই.সি.টি.সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (বিষয়টি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. উপ পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, ... ... ... ... ... ... ...আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ... ... ... ... ... ... ... ... ...
১০. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/ইস্টার্ন রিজিয়ন/ওয়েস্টার্ন রিজিয়ন/সচিব), বাপাউবো, ঢাকা।
১১. অফিস কপি/মাষ্টার কপি।

(সৈয়দ মাহবুবুল হক)
উপ-সচিব (বোর্ড)
বাপাউবো, ঢাকা।

# জাতীয় উন্নয়ন মেলা- ২০১৮ এর আয়োজন ও ব্যবস্থাপনা সম্পর্কে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অংশগ্রহণের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভার সভাপতি ঃ মোঃ মাহফুজুর রহমান।
মহাপরিচালক,বাপাউবো, ঢাকা।
সভার তারিখ ঃ ১০-সেপ্টেম্বর-২০১৮ খ্রিঃ
সময় ঃ বিকাল ০৪ঃ ৪৫ ঘটিকা।
স্থান ঃ মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

সভায় বোর্ডের উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত।

প্রধানমন্ত্রীর দপ্তরের স্মারক নং-০৩.৪৫১.০২২.০০০০.২০১৬-৪০৩ তারিখঃ ৩১-০৭-২০১৮ খ্রিঃ মোতাবেক দেশব্যাপী ০৪ হতে ০৬ অক্টোবর, ২০১৮ অনুষ্ঠিতব্য ৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় বাপাউবো'র অংশগ্রহণের জন্য মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ০৪ হতে ০৬ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় উন্নয়ন মেলায় পানি সম্পদ মন্ত্রণালয়ের ব্যানারে সকল জেলা ও উপজেলায় অবস্থিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দপ্তরসমূহকে তাদের উন্নয়নমূলক কর্মকাণ্ড ব্যানার/লিফলেট/ব্রোসিয়ার ও ডিজিটাল রোলিং ডিসপ্লের মাধ্যমে নান্দনিকভাবে উপস্থাপনের বিষয়ে গুরুত্বারোপ করেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়াধীন বিভিন্ন সংস্থার মনোগ্রামসহ সামগ্রিক কর্মকাণ্ড সংক্ষিপ্তভাবে তুলে ধরে ও সর্বস্তরের জনগণকে অবহিতকরণের লক্ষ্যে সহজ ও প্রাঞ্জল ভাষায় ৩-৫ মিনিট সময়কালের ভিডিও ডকুমেন্টারি অবশ্যই বাংলা মাধ্যমে তৈরি করে আগামী ১ অক্টোবর ২০১৮ এর মধ্যে বাপাউবো'র আইসিটি সেলে জমা দেওয়ার জন্য সভার সভাপতি মহোদয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলের বক্তব্য ও পরামর্শ মনোযোগ সহকারে শ্রবণ করেন এবং এ বিষয়ে কারো কোন উদ্ভাবনী ভাবনা থেকে থাকলে তা অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এর নিকট ব্যক্ত করার জন্য অনুরোধ জানান।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১। | পানি সম্পদ মন্ত্রণালয়াধীন বিভিন্ন সংস্থার আয়োজনে আগামী ০৪ হতে ০৬ অক্টোবর-২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য দেশব্যাপী ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বাপাউবোর কর্মকর্তাগণের তালিকা ও মোবাইল নম্বর প্রদান করা হলো। | পানি উন্নয়ন বোর্ডের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ হলেন ঃ-<br>১। জনাব কাজী সাখাওয়াত হোসেন<br>অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)<br>বাপাউবো, ঢাকা।<br>মোবাইল নং- ০১৫৫২৪৫০৩৬৫।<br>বাপাউবো, ঢাকা।<br>২। জনাব এ. এম. আমিনুল হক<br>চীফ প্লানিং, বাপাউবো, ঢাকা।<br>মোবাইল নং- ০১৫৫২৩৯৬৭৭৬।<br>৩। জনাব মোঃ আব্দুল মতিন সরকার,<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী,ঢাকা পওর সার্কেল<br>বাপাউবো, ঢাকা।<br>মোবাইল নং- ০১৭১০২৫১৮৬৯। | |
| ০২। | জেলা প্রশাসক /উপজেলা নির্বাহী অফিসারের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা ও পরামর্শক্রমে বর্ণাঢ্য ও জাকজমকপূর্ণভাবে মেলার আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | বোর্ডের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন এবং স্থানীয় প্রশাসনের পরামর্শ সমন্বয় করে পানি উন্নয়ন বোর্ডের নিজস্ব কর্ম-পরিকল্পনা প্রস্তুতক্রমে মহাপরিচালক,বাপাউবোকে অবহিত রাখবেন। | |
| ০৩। | আসন্ন ৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় জেলা/উপজেলা প্রশাসন এর নিকট হতে স্টল বরাদ্দ প্রাপ্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী মেলার সেন্টার পয়েন্টে পাশাপাশি দুটি স্টল বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসনের নিকট আবেদন করবেন। | প্রয়োজনে বোর্ডের পক্ষ হতে অতিরিক্ত মহাপরিচালক (প্রঃ) মহোদয় সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের সাথে এ বিষয়টি নিয়ে কথা বলবেন। |

| | | | |
|---|---|---|---|
| ০৪। | আসন্ন উন্নয়ন মেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ সর্ম্পকিত আলোচনা । | আসন্ন জাতীয় উন্নয়ন মেলায় গত উন্নয়ন মেলায় অংশগ্রহণকারী ৬৪টি জেলা ও ৫৫টি উপজেলার স্থলে আরো অধিক সংখ্যক উপজেলা পানি সম্পদ মন্ত্রণালয়ের ব্যানারে অংশগ্রহণ করবে এবং পাউবোর উন্নয়ন কর্মকাণ্ড ডিজিটালভাবে প্রদর্শন করবে। মেলার স্টলসমূহের মাধ্যমে সেবা প্রত্যাশীদের সেবা প্রদান বাড়াতে হবে। | |
| ০৫। | ঢাকা জেলার জন্য আসন্ন উন্নয়ন মেলায় পানি সম্পদ মন্ত্রণালয়াধীন বিভিন্ন সংস্থার সমন্বয়ে ৩(তিন)টি স্টল পাশাপাশি স্থাপনের জন্য ঢাকা জেলা প্রশাসনের নিকট বরাদ্দ চাওয়া নিয়ে আলোচনা করেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা প ও র সার্কেল। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ০৩টি স্টল একত্রিত করে পানি সম্পদ মন্ত্রণালয়াধীন বিভিন্ন সংস্থার উন্নয়নমূলক কর্মকান্ড ডিজিটাল (ভিডিও প্রদর্শন/ ব্যানার/ ফেস্টুন/ লিফলেট/ পোস্টার/ ক্রুশিয়ার ইত্যাদি) সহ ডিজিটাল আলোকসজ্জার দ্বারা প্রতিটি স্টল দৃষ্টিনন্দনভাবে সাজানো ও জনসাধারণের মধ্যে লিফলেট বিতরণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় একইসাথে বাপাউবো'র লোগো(LOGO) সম্বলিত বড় বেলুন মেলা চত্বরে প্রদর্শন করতে হবে। | আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর হতে ভিডিও টিউটোরিয়াল সরবরাহ করা হবে যা উন্নয়ন মেলা স্টলসমূহে বড় মনিটর/প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করতে হবে। ডিজিটাল ব্যানারের সফটকপিও আইসিটি সেল হতে সরবরাহ করা হবে। |
| ০৬। | বর্তমান সরকারের উন্নয়ন কর্মকান্ড জনসাধারণের নিকট উপস্থাপন/ প্রদর্শনের নিমিত্ত জাতীয় উন্নয়ন মেলা একটি বড় ভূমিকা পালন করে। এ মেলা সফল আয়োজন/ব্যবস্থাপনার জন্য পর্যাপ্ত অর্থে বরাদ্দ প্রসংগে আলোচনা। | উন্নয়ন মেলায় সফলভাবে অংশগ্রহণের ব্যয় নির্বাহের জন্য প্রতি জেলাস্থ স্টলের জন্য গত বারের তুলনায় অধিক পরিমান অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |
| ০৭। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল সফল উন্নয়ন কর্মকান্ড এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক একনেক সভায় সম্প্রতি অনুমোদিত ডেল্টাপ্লান এবং টেকসই উন্নয়ন লক্ষমাত্রা (SDG)অর্জনে গৃহীত কার্যক্রম/ড্রেজিং কার্যক্রম প্রচার করতে হবে ও সকল প্রান্তিক জনসাধারণকে তা অবহিতকরণের বিষয়টি আলোচনা হয়। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল সফল কর্মকান্ড এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক একনেক সভায় সম্প্রতি অনুমোদিত ডেল্টাপ্লান এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)অর্জনে গৃহীত কার্যক্রম/ড্রেজিং কার্যক্রম প্রচার করতে হবে এবং এ বিষয়টি সকল প্রান্তিক জনসাধারণকে অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৮। | উন্নয়ন মেলা চলাকালীন দেশের বিভিন্ন স্থানে আয়োজিত উন্নয়ন মেলার খবর, ছবি ও ভিডিও বিভিন্ন সংবাদপত্র, বেতার, টেলিভিশনসহ বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বোর্ডের জনসংযোগ পরিদপ্তর এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |

৪র্থ " জাতীয় উন্নয়ন মেলা" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি অগ্রাধিকার বিষয় বিধায় তা সুষ্ঠুভাবে আয়োজন ও সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণের জন্য সভাপতি মহোদয় সকলের সহযোগিতা কামনা করেন।

পরিশেষে তিনি উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে মেলার সফলতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০১/২০১৮

(মোঃ মাহফুজুর রহমান)
মহাপরিচালক
বাপাউবো, ঢাকা।
ও
সভার সভাপতি।